# ১৮ তম কার্যনির্বাহী সভার কার্যবিবরণী

তারিখ: **১৬-০২-২০২৬ইং, রোজ সোমবার**
সময়: **রাত ০৯:৩০ মিনিটে**
স্থান: **অনলাইন** (Zoom) **মিটিং**

---

**সভাপতিত্ব:**

সভায় সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ।

**সভার সূচনা:**

- সভার শুরুতেই সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ভালোবাসা জানান। তিনি মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু-কে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন।
- মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু সবাইকে সালাম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান।

---

**সভায় উপস্থিত ছিলেন:**

১. কাজী মোহাম্মদ রহমতউল্লাহ ‘ সভাপতি
২. আসলাম পারভেজ মিঠু ‘ মহাসচিব
৩. মোঃ মাসুদ রেজা সিনিয়র সহ সভাপতি
৪. মাহবুব রাশেদ রুবেল যুগ্ম মহাসচিব
৫. মোহাম্মদ মুসা সহ সভাপতি
৬. তানভীর মোরশেদ চৌধুরী সহ সভাপতি
৭. মুফতি মোঃ ইসহাক কোষাধ্যক্ষ
৮. মোঃ মনির হোসেন সহ কোষাধ্যক্ষ
৯. মোঃ এমদাদ-উল-হক সাংগঠনিক সচিব
১০. মোঃ ইসহাক সহ সাংগঠনিক সচিব
১১. সোহেল সিকদার জুম্মন দপ্তর ও পাঠাগার সচিব
১২. মোঃ আজিজুল হক সহ ক্রীড়া সচিব
১৩. মিজানুর রহমান আপেল খান প্রচার ও জনসংযোগ সচিব
১৪. মোঃ তারিক সিরাজ সাংস্কৃতিক সচিব
১৫. মোঃ আরিফুল ইসলাম সহ সাংস্কৃতিক সচিব

১৬. মোঃ জহিরুল ইসলাম সমাজ কল্যান সচিব

১৭. জাফর ইকবাল সিদ্দিকী নির্বাহী সদস্য

১৮. মোঃ রাশেদ খান  নির্বাহী সদস্য

অসুস্থতা, পারিবারিক ও ব্যবসায়িক কাজের কারণে যারা উপস্থিত থাকতে পারে নাই তারা আমাদেরকে অবগত করেছেন এবং সভায় যে সকল সিদ্ধান্ত গ্রহন করা হবে তার সাথে সহমত পোষণ করবেন।

১৯. এ.টি.এম কামাল হোসেন সহ সভাপতি

২০. মোহাম্মদ জাফর সহ সভাপতি

২১. মোঃ জুলহাস সারোয়ার সহ দপ্তর ও পাঠাগার সচিব

২২. মোঃ শামসুজ্জামান সহ সমাজ কল্যান সচিব

২৩. সৈয়দ মাহমুদ নির্বাহী সদস্য

২৪. মিফতাহুর রহমান নির্বাহী সদস্য

---

**সভার আলোচ্যসূচী:**

১. নৌবিহারের অনুষ্ঠান সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে সম্পন্ন হওয়ায় আয়োজক কমিটির কার্যক্রম পর্যালোচনা এবং মোট আয়–ব্যয়ের হিসাব উপস্থাপন ও আলোচনা।

২. ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন প্রসঙ্গে আলোচনা।

৩. পবিত্র রমযান মাসে ইফতারি ও দোয়া মাহফিল আয়োজন প্রসঙ্গে আলোচনা।

৪. বিবিধ।

---

# সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ

## ১. নৌবিহার সংক্রান্ত আলোচনা

নৌবিহার কমিটির চেয়ারম্যান জনাব মোঃ তারিক সিরাজ বলেন,

- কমিটির সকল সদস্য আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে নৌবিহার অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করেছেন।
- তিনি নৌবিহার কমিটির সদস্য জনাব সোহেল সিকদার জুম্মানকে আয়-ব্যয়ের হিসাব উপস্থাপনের অনুরোধ করেন।

**আয়-ব্যয়ের বিবরণী (উপস্থাপন করেন জনাব সোহেল সিকদার জুম্মান):**

- মোট আয় = ১১,৮৫,০০০.০০ টাকা
- মোট খরচ = ১১,৭৭,০৬০.০০ টাকা
- হাতে নগদ = ৭,৯৪০.০০ টাকা

**জ্যাকেট ও টি-শার্ট হোস্ট করেছেন:**

সিনিয়র সহ-সভাপতি জনাব মোঃ মাসুদ রেজা

সহ-সভাপতি জনাব মোঃ তানবির আহমেদ

**টি-শার্ট হোস্ট করেছেন:**
উপদেষ্টা: মোহাম্মদ নাদিম

**ক্যাপ হোস্ট করেছেন:**
যুগ্মসচিব জনাব মোঃ রাশেদ রুবেল

- টিকিট বিক্রির হিসাব অনুযায়ী শাহরিয়ার ভাইয়ের কাছে কিছু অর্থ এখনো পাওনা রয়েছে।
- জনাব নাদিম নৌবিহারের দুপুরের খাবারের ক্যারিয়ার হোস্ট করেন এই শর্তে যে, অ্যালামনাই এসোসিয়েশনের নিকট তার প্রাপ্য ৭৫,০০০.০০ টাকা সমন্বয় করা হবে।
- এখনো পর্যন্ত উক্ত অর্থ পরিশোধ না হওয়ায় মুদি দোকানদারসহ কয়েকজনের নিকট বকেয়া রয়ে গেছে।

**২. যুগ্মসচিব জনাব মোঃ মাহবুব রাশেদ রুবেল**
- পূর্ববর্তী সভায় ঋণ রেখে পিকনিক আয়োজন না করার প্রস্তাব দেওয়া হয়েছিল বলে উল্লেখ করেন।
- সভাপতি ঋণ পরিশোধের আশ্বাস দিয়েছিলেন বলে জানান।
- বর্তমানে পাওনাদারদের চাপ সৃষ্টি হওয়ায় দ্রুত ৭৫,০০০.০০ টাকা পরিশোধের প্রস্তাব দেন।
- উক্ত অর্থ নৌবিহারের ব্যয় হিসেবে গণ্য করার মতামত প্রদান করেন।

**৩. সহ কোষাধ্যক্ষ জনাব মনির হোসেন**
- ৪১ সদস্যের কমিটি থাকা সত্ত্বেও সক্রিয় সদস্যের সংখ্যা কম বলে দৃষ্টি আকর্ষণ করেন।
- দায়িত্ব পালন করতে গিয়ে আর্থিক ও সম্মানহানি হলে ভবিষ্যতে কেউ দায়িত্ব নিতে আগ্রহী হবে না বলে মত দেন।
- দ্রুত অর্থের ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান।
- নৌবিহার অনুষ্ঠানে আজীবন সদস্যদের সম্বর্ধনা উপলক্ষে প্রাপ্ত আজীবন সদস্য ফি, গৃহীত ঋণ (লোন) এবং মোট ব্যয়ের বিস্তারিত হিসাব সভায় উপস্থাপন করার জন্য সভাপতির দৃষ্টি আর্কষন করেন।

**৪. সহ-সভাপতি জনাব মোঃ মুসা**
- অতীত অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে দ্রুত বকেয়া পরিশোধের ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন।

**৫. সহ-সভাপতি জনাব মোঃ তানবির আহমেদ**
- পূর্ব নির্ধারিত বকেয়া পরিশোধ পরিকল্পনার অগ্রগতি সম্পর্কে জানতে চান।
- দ্রুত বাস্তবায়নের ওপর জোর দেন।

**৬. মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু**
- নৌবিহার সফলভাবে সম্পন্ন হওয়ায় আয়োজক কমিটির চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও স্কাউটদের ধন্যবাদ জানান।
- ১৯১টি টিকিট বিক্রির জন্য সাংগঠনিক সচিব জনাব এমদাদ উল-হককে ধন্যবাদ জানান।
- সমন্বয়ের ঘাটতির কারণে বর্তমান সমস্যার সৃষ্টি হয়েছে বলে মত প্রকাশ করেন।

- সংগঠনের দায়-দায়িত্ব সকলের'এ কথা উল্লেখ করে আজীবন সদস্যদের ফির বকেয়া টাকা পরিশোধ করার জন্য অনুরোধ করেন।

---

**সভাপতির বক্তব্য ও সিদ্ধান্ত**

- নৌবিহার অনুষ্ঠানে আজীবন সদস্যদের সম্বর্ধনা উপলক্ষে প্রাপ্ত আজীবন সদস্য ফি, গৃহীত ঋণ এবং মোট ব্যয়ের বিস্তারিত হিসাব সভায় উপস্থাপন করা হয়।
  ১. লাইল মেম্বার ফি ৯৩,০০০.০০ টাকা।
  ২. গৃহীত ঋণ (লোন) ২৪,২৭৫.০০ টাকা।
  **৩. মোট আয় ১,১৭,২৭৫.০০ টাকা।**
  **৪. ব্যয় ১,১৭,২৭৫.০০ টাকা।**
- আজীবন সদস্য ফি কে কত টাকা প্রদান করেছেন এবং যাদের বকেয়া সহ বিস্তারিত তালিকা কোষাধ্যক্ষ মাধ্যমে পরবর্তীতে কার্যনির্বাহী গ্রুপে পোস্ট করা হবে বলে সবার সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত করেন।
- যাদের আজীবন সদস্য ফি বকেয়া রয়েছে তা পরিশোধের লক্ষ্যে আজীবন সদস্যদের নিকট আন্তরিক সহযোগিতার আহ্বান জানান। জনাব নাদিম সাহেবের ঋন পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- যেসব ব্যাচের আজীবন সদস্যদের বকেয়া ফি রয়েছে, সংশ্লিষ্ট কার্যনির্বাহী সদস্যদেরকে উক্ত বকেয়া অর্থ দ্রুত সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন না করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত করেন।
- পবিত্র মাহে রমজান উপলক্ষে ইফতার ও দোয়া মাহফিল আয়োজনের বিষয়ে পরবর্তীতে আলোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

---

**সভা সমাপ্তি**

সভাপতির ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অনলাইন (Zoom) মিটিংয়ের সমাপ্তি ঘোষণা করা হয়।



কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল



আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল